# এক্সিফিন® ইঞ্জেকশন

সেফট্রিয়াক্সোন

**উপস্থাপন**

এক্সিফিন® ২৫০ মি.গ্রা. আইভি ইঞ্জেকশন: প্রতিটি ভায়ালে রয়েছে ২৫০ মি.গ্রা. সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে)।

এক্সিফিন® ২৫০ মি.গ্রা. আইএম ইঞ্জেকশন: প্রতিটি ভায়ালে রয়েছে ২৫০ মি.গ্রা. সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে)।

এক্সিফিন® ৫০০ মি.গ্রা. আইভি ইঞ্জেকশন: প্রতিটি ভায়ালে রয়েছে ৫০০ মি.গ্রা. সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে)।

এক্সিফিন® ৫০০ মি.গ্রা. আইএম ইঞ্জেকশন: প্রতিটি ভায়ালে রয়েছে ৫০০ মি.গ্রা. সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে)।

এক্সিফিন® ১ গ্রাম আইভি ইঞ্জেকশন: প্রতিটি ভায়ালে রয়েছে ১ গ্রাম সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে)।

এক্সিফিন® ১ গ্রাম আইএম ইঞ্জেকশন: প্রতিটি ভায়ালে রয়েছে ১ গ্রাম সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে)।

এক্সিফিন® ২ গ্রাম আইভি ইঞ্জেকশন: প্রতিটি ভায়ালে রয়েছে ২ গ্রাম সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে)।

**বিবরণ**

এক্সিফিন হচ্ছে জীবাণুমুক্ত, আংশিক সংশ্লেষিত, বিস্তৃত বর্ণালীর, ৩য় প্রজন্মের সেফালোসপোরিন এন্টিবায়োটিক যা শিরা পথে ও পেশীতে ইঞ্জেকশন হিসাবে ব্যবহারের জন্য। সেফট্রিয়াক্সোন কোষপ্রাচীর সংশ্লেষণ বন্ধ করার মাধ্যমে ব্যাকটেরিসাইডাল কার্যকারিতা প্রদর্শন করে। সেফট্রিয়াক্সোন বিটা ল্যাকটামেজ ও সেফালোসপরিনেজ উৎপন্নকারী গ্রাম নেগেটিভ ও গ্রাম পজেটিভ ব্যাকটেরিয়ার উপস্থিতিতেও অধিক সক্রিয় থাকে।

**নির্দেশনা ও ব্যবহার**

নিম্নে বর্ণিত অণুজীবসমূহ দ্বারা সংগঠিত সংক্রমণে এক্সিফিন নির্দেশিত ঃ

- **শ্বসনতন্ত্রের নিম্নাংশের সংক্রমণঃ** *স্ট্রেপটোকক্কাস নিউমোনি, স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জি, হিমোফাইলাস প্যারাইনফ্লুয়েঞ্জি, ক্লেবসিয়েলা নিউমোনি, ই. কোলাই, এন্টারোব্যাকটার এরোজেন্স, প্যারাইনফ্লুয়েঞ্জি, প্রটিয়াস মিরাবিলিস, সেরাটিয়া মারসেসেন্স* দ্বারা সৃষ্ট সংক্রমণে।
- **একিউট ব্যাকটেরিয়াল ওটাইটিস মিডিয়াঃ** *স্ট্রেপটোকক্কাস নিউমোনি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জি* (বিটা ল্যাকটামেজ উৎপন্নকারী প্রজাতিসহ), মরাক্সেলা কেটাহরালিজ (বিটা ল্যাকটামেজ উৎপন্নকারী প্রজাতিসহ) দ্বারা সৃষ্ট সংক্রমণে।
- **চর্ম ও চর্ম সংক্রান্ত সংক্রমণঃ** *স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস, স্ট্যাফাইলোকক্কাস এপিডার্মিডিস, স্ট্রেপটোকক্কাস পায়োজেনস, ভিরিডান গ্রুপ স্ট্রেপটোকক্কি, ই.কোলাই, এন্টারোব্যাকটার ক্লোকি, ক্লেবসিয়েলা অক্সিটোকা, ক্লেবসিয়েলা নিউমোনি, প্রটিয়াস মিরাবিলিস, মরগানেলা মরগানি, সিউডোমোনাস এরিজিনোসা, সেরাটিয়া মারসেসেন্স, এসিনেটোব্যাকটর ক্যালকোএসিটিকাস, ব্যাকটেরয়েডস ফ্রাজিলিস, পেপ্টোস্ট্রেপটোকক্কাস* প্রজাতি সমুহ দ্বারা সৃষ্ট সংক্রমণে।
- **মুত্রতন্ত্রের সংক্রমণ (সাধারণ ও জটিল)ঃ** *ই. কোলাই, প্রটিয়াস মিরাবিলিস, প্রটিয়াস ভালগারিস, মরগানেলা মরগানি, ক্লেবসিয়েলা নিউমোনি* দ্বারা সৃষ্ট সংক্রমণে।
- **সাধারণ গনোরিয়া (সারভিকাল, ইউরেথ্রাল, ফ্যারিনজিয়াল এবং রেকটাল)ঃ** *নেইসেরিয়া গনোরি* (পেনিসিলিনেজ এবং নন- পেনিসিলিনেজ উৎপন্নকারী) এবং নন-পেনিসিলিনেজ উৎপন্নকারী স্ট্রেইন *নেইজেরিয়া গনেরি* দ্বারা সৃষ্ট ফ্যারেনজিয়াল গনেরিয়ায়।
- **পেলভিক ইনফ্লামেটরি ডিজিজেসঃ** *নেইজেরিয়া গনোরি* দ্বারা সৃষ্ট সংক্রমণে।
- **ব্যাকটেরিয়াল সেপ্টিসেমিয়াঃ** *স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস, স্ট্রেপটোকক্কাস নিউমোনি, ই. কোলাই, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জি, ক্লেবসিয়েলা নিউমোনি* দ্বারা সৃষ্ট সংক্রমণে।
- **অস্থি ও অস্থিসন্ধির সংক্রমণঃ** *স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস, স্ট্রেপটোকক্কাস নিউমোনি, ই. কোলাই, প্রটিয়াস মিরাবিলিস, ক্লেবসিয়েলা নিউমোনি, এন্টারোব্যাকটার* প্রজাতি দ্বারা সৃষ্ট সংক্রমণে।
- **পেটের অভ্যন্তরীণ সংক্রমণ ঃ** *ই. কোলাই, ক্লেবসিয়েলা নিউমোনি, ব্যাকটেরয়েডস ফ্রাজিলিস, ক্লোস্ট্রিডিয়াম এবং পেপ্টোস্ট্রেপটোকক্কাস* প্রজাতিসমূহ দ্বারা সৃষ্ট সংক্রমণে।
- **মেনিনজাইটিসঃ** *হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জি, নেইসেরিয়া মেনিনজাইটিডিস, স্ট্রেপটোকক্কাস নিউমোনি* দ্বারা সৃষ্ট সংক্রমণে। এক্সিফিন এছাড়াও *স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস* অথবা *ই. কোলাই* দ্বারা সৃষ্ট কিছু কিছু মেনিনজাইটিস ও শান্ট সংক্রমণে কার্যকর।
- **সার্জিক্যাল প্রফাইল্যাকসিসঃ** শল্য চিকিৎসাগামী রোগীদের যারা জীবাণু দ্বারা সংক্রমিত অথবা সংক্রমণের ঝুঁকির সম্মুখিন তাদের শল্য চিকিৎসার পূর্বে এক্সিফিন ১ গ্রাম মাত্রায় প্রয়োগ করলে পরবর্তীতে সংক্রমণের সম্ভাবনা কমে।

**মাত্রা ও বিধিঃ** সাধারণতঃ এক্সিফিন একক মাত্রায় অথবা সমবিভক্ত মাত্রায় দিনে ২ বার ৪-১৪ দিন গ্রহণ করা উচিত। সংক্রমণের উপসর্গসমূহ দূরীভুত হওয়ার পর কমপক্ষে আরও ২ দিন এক্সিফিন দিয়ে চিকিৎসা চালিয়ে যাওয়া উচিত।

**পূর্ণবয়স্ক**

| সংক্রমণের ধরন | মাধ্যম | মাত্রা | ফ্রিকুয়েন্সি | প্রত্যহ মোট মাত্রা |
|---|---|---|---|---|
| মাঝারি থেকে মারাত্মক সংক্রমণ | আইভি অথবা আইএম | ১ থেকে ২ গ্রাম | দিনে ১ বার | ৪ গ্রামের বেশি নয় |
| | | ০.৫ থেকে ১ গ্রাম | দিনে ২ বার | |
| সাধারণ গনোরিয়া | আইএম | ২৫০ মি.গ্রা. | একক মাত্রা | - |
| সার্জিক্যাল প্রফাইল্যাকসিস | আইভি | ১ গ্রাম | একক মাত্রা; শল্য চিকিৎসার ১/২ থেকে ২ঘন্টা পূর্বে | ৪ গ্রামের বেশি নয় |

**নবজাতক এবং শিশু (১ মাস থেকে ১২ বছর বয়স)**

| সংক্রমণের ধরন | মাধ্যম | মাত্রা | ফ্রিকুয়েন্সি | প্রত্যহ মোট মাত্রা |
|---|---|---|---|---|
| চর্ম ও চর্ম সংক্রান্ত সংক্রমণ | আইভি অথবা আইএম | ৫০ থেকে ৭৫ মি.গ্রা./কেজি | দিনে ১ বার | ২ গ্রামের বেশি নয় |
| | | ২৫ থেকে ৩৭.৫ মি.গ্রা./কেজি | দিনে ২ বার | |
| একিউট ব্যাকটেরিয়াল ওটাইটিস মিডিয়া | আইএম | ৫০ মি.গ্রা./কেজি | একক মাত্রা | ১ গ্রামের বেশি নয় |
| অন্যান্য তীব্র সংক্রমণে (মেনিনজাইটিস ব্যতীত) | আইভি অথবা আইএম | ২৫ থেকে ৩৭.৫ মি.গ্রা./কেজি | দিনে ২ বার | ২ গ্রামের বেশি নয় |
| মেনিনজাইটিস | আইভি অথবা আইএম | ১০০ মি.গ্রা./কেজি | দিনে ১ বার | ৪ গ্রামের বেশি নয় |
| | | ৫০ মি.গ্রা./কেজি | দিনে ২ বার | |

চিকিৎসার সময়কাল সাধারণত ৪ থেকে ১৪ দিন। জটিল সংক্রমণের ক্ষেত্রে দীর্ঘসময় ধরে চিকিৎসা দরকার হতে পারে। বৃক্ক আথবা যকৃতের অসমকার্যকরিতায় কোন রকম মাত্রার সামঞ্জস্য করতে হবে না।

**পার্শ্ব প্রতিক্রিয়া**

সাধারণতঃ সেফট্রিয়াক্সোন সুসহনীয়। তদূপরি, কিছু পার্শ্ব প্রতিক্রিয়া যেমনঃ বমি-বমি ভাব, বমি, ডায়ারিয়া, ঝিমুনি এবং জ্বর দেখা যেতে পারে।

**সতর্কতা**

যে সমস্ত রোগীদের গ্যাস্ট্রোইনটেষ্টিনাল রোগ বিশেষত কোলাইটিস আছে তাদের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে**

*গর্ভাবস্থায়ঃ* গর্ভাবস্থায় সংক্রমণের চিকিৎসায় সেফট্রিয়াক্সোন এর নিরাপত্তা প্রতিষ্ঠিত হয়নি। ঝুঁকির চেয়ে মা বা ভ্রুনের বেশী উপকার পাওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে সেফট্রিয়াক্সোন ব্যবহার করা যেতে পারে।

*স্তন্যদানকালেঃ* মাতৃদুগ্ধে সহিত অল্প মাত্রায় নিঃসৃত হয়। সেজন্য স্তন্যদানকারী মায়েদের সেফট্রিয়াক্সোন দেওয়ার সময় সতর্কতা অবলম্বন করতে হবে।

**প্রতিনির্দেশনা**

যে সমস্ত রোগীরা সেফট্রিয়াক্সোন, অন্যান্য সেফালোস্পোরিন অথবা পেনিসিলিনের প্রতি এ্যালার্জিক তাদের ক্ষেত্রে সেফট্রিয়াক্সোন প্রতিনির্দেশিত।

**ড্রাগ ইন্টার্যাকশান**

কোন ড্রাগ-ড্রাগ ইন্টার্যাকশান এর তথ্য পাওয়া যায়নি।

**মাত্রাধিক্য**

কোন নির্দিষ্ট এ্যান্টিডট নাই। মাত্রাধিক্যের ক্ষেত্রে উপসর্গ অনুযায়ী চিকিৎসা দিতে হবে।

**পাউডার সংমিশ্রণের নির্দেশনা**

পাউডার সংমিশ্রণের পরপরই সলিউশন ব্যবহার করুন। সংমিশ্রিত সলিউশন ৬ ঘন্টার মধ্যে ব্যবহার করা উচিত যদি কক্ষ তাপমাত্রায় সংরক্ষণ করা হয় অথবা ২৪ ঘন্টার মধ্যে যদি ৫° সে.-এর কম তাপমাত্রায় রেফ্রিজারেটরে সংরক্ষণ করা হয়।

**বানিজ্যিক মোড়ক**

এক্সিফিন® ২৫০ মি.গ্রা. আইভি ইঞ্জেকশন: প্রতিটি বাক্সে রয়েছে একটি ভায়াল যাতে রয়েছে ২৫০ মি.গ্রা. সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে), ৫ মি.লি. ওয়াটার ফর ইঞ্জেকশন বিপি এর একটি এ্যাম্পুল, একটি স্টেরাইল ডিস্‌পোজেবল সিরিঞ্জ (৫ মি.লি.) এবং একটি বাটারফ্লাই নিড্‌ল।

এক্সিফিন® ২৫০ মি.গ্রা. আইএম ইঞ্জেকশন: প্রতিটি বাক্সে রয়েছে একটি ভায়াল যাতে রয়েছে ২৫০ মি.গ্রা. সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে), ২ মি.লি. লিডোকেইন হাইড্রোকোরাইড ১% ইউএসপি এর একটি এ্যাম্পুল, একটি স্টেরাইল ডিস্‌পোজেবল সিরিঞ্জ (৫ মি.লি.) এবং একটি বেবি নিড্‌ল।

এক্সিফিন® ৫০০ মি.গ্রা. আইভি ইঞ্জেকশন: প্রতিটি বাক্সে রয়েছে একটি ভায়াল যাতে রয়েছে ৫০০ মি.গ্রা. সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে), ৫ মি.লি. ওয়াটার ফর ইঞ্জেকশন বিপি এর একটি এ্যাম্পুল, একটি স্টেরাইল ডিস্‌পোজেবল সিরিঞ্জ (৫ মি.লি.) এবং একটি বাটারফ্লাই নিড্‌ল।

এক্সিফিন® ৫০০ মি.গ্রা. আইএম ইঞ্জেকশন: প্রতিটি বাক্সে রয়েছে একটি ভায়াল যাতে রয়েছে ৫০০ মি.গ্রা. সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে), ২ মি.লি. লিডোকেইন হাইড্রোকোরাইড ১% ইউএসপি এর একটি এ্যাম্পুল, একটি স্টেরাইল ডিস্‌পোজেবল সিরিঞ্জ (৫ মি.লি.) এবং একটি বেবি নিড্‌ল।

এক্সিফিন® ১ গ্রাম আইভি ইঞ্জেকশন: প্রতিটি বাক্সে রয়েছে একটি ভায়াল যাতে রয়েছে ১ গ্রাম সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে), ১০ মি.লি. ওয়াটার ফর ইঞ্জেকশন বিপি এর একটি এ্যাম্পুল, একটি স্টেরাইল ডিস্‌পোজেবল সিরিঞ্জ (১০ মি.লি.) এবং একটি বাটারফ্লাই নিড্‌ল।

এক্সিফিন® ১ গ্রাম আইএম ইঞ্জেকশন: প্রতিটি বাক্সে রয়েছে একটি ভায়াল যাতে রয়েছে ১ গ্রাম সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে), ৩.৫ মি.লি. লিডোকেইন হাইড্রোকোরাইড ১% ইউএসপি এর একটি এ্যাম্পুল এবং একটি স্টেরাইল ডিস্‌পোজেবল সিরিঞ্জ (৫ মি.লি.)।

এক্সিফিন® ২ গ্রাম আইভি ইঞ্জেকশন: প্রতিটি বাক্সে রয়েছে একটি ভায়াল যাতে রয়েছে ২ গ্রাম সেফট্রিয়াক্সোন (ইঞ্জেকশনের জন্য জীবাণুমুক্ত সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি হিসাবে), ১০ মি.লি. ওয়াটার ফর ইঞ্জেকশন বিপি এর দুইটি এ্যাম্পুল, একটি স্টেরাইল ডিস্‌পোজেবল সিরিঞ্জ (২০ মি.লি.) এবং একটি বাটারফ্লাই নিড্‌ল।

প্রস্তুতকারক

incepta

ইনসেপ্‌টা ফার্মাসিউটিক্যালস্‌ লিঃ

সাভার, ঢাকা, বাংলাদেশ

® রেজিস্টার্ড ট্রেডমার্ক।